মেহেরপুরে টেপেন্টাডল ট্যাবলেট সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে নিষিদ্ধ ঘোষিত ৪০০ পিস ভারতীয় ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ একজনকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (১৭ অক্টোবর) দুপুর সোয়া একটার সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের উপ-পরিদর্শক খসরু আল মামুনের নেতৃত্বে একটি দল মেহেরপুর সদর থানার আমঝুপি পশ্চিমপাড়া গ্রামে অভিযান চালিয়ে মোহাম্মদ সদর আলী ছেলে হারুন আলীকে নিজ বাসভবন থেকে নিষিদ্ধ ঘোষিত ভারতীয় এই ট্যাবলেট সহ আটক করে।

অভিযানের নেতৃত্ব দেয়া উপরিদর্শক খসরু আল মামুন বলেন, ‘আটকৃত মাদক ব্যবসায়ী হারুন আলীকে মেহেরপুর সদর থানায় সোপর্দ করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দেওয়ার প্রস্তুতি চলছে।’

তিনি আরো বলেন, ‘মাদকাসক্তরা ইয়াবার বিকল্প হিসেবে ট্যাপেন্টাডল ওষুধ সেবন করছে। ইয়াবা না পাওয়া গেলেই তারা এটি হাতে তুলে নিচ্ছে। বাংলাদেশে এটির উৎপাদন নিষিদ্ধ হলেও প্রতিবেশী ভারতে এখনও এটি বৈধ হওয়ায় এটি পাচার হয়ে আসছে।’